রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ১১, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৯ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ/১১ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিষ্টাব্দ।

**এস, আর, ও নং ২৯-আইন/ ২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা শিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(৩) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(৪) ''পদ'' অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ কোন পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) ''শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(৭) ''সিজিপিএ'' অর্থ Cumulative Grade Point Average (CGPA);



**মূল্য ঃ** টাকা ২০.০০

(৮) ''সংশ্লিষ্ট বিষয়'' অর্থ কোন নির্দিষ্ট পদের কাজের সহিত সম্পৃক্ত এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যায়িত বিষয় বা বিষয়সমূহ; এবং

(৯) ''স্বীকৃত ইন্সটিটিউট'' বা ''স্বীকৃত বিশ্ববিদ্যালয়'' বা ''স্বীকৃত বোর্ড'' অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন ইন্সটিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন ইন্সটিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতীত নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস—(১)** কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য,

নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এক বা একাধিকবারে এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, শিক্ষানবিস বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

## তফসিল
### [ বিধি-২(২) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োনীয় যোগ্যতা তফসিল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অধ্যক্ষ | | বদলী বা নিয়োগের মাধ্যমে। | অধ্যাপকগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে। |
| ২। | অধ্যাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) | ৪৫ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) ৬৭% পদ পদোন্নতির মাধ্যমে,<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৩৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(গ) পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সংশ্লিষ্ট বিষয়ের সহযোগী অধ্যাপক পদে ৫ (পাচঁ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১২ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী এবং ১৪ (চৌদ্দ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ১৫ (পনের) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিগ্রিসহ ১২ (বার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রেঃ**<br>অধ্যাপক পদমর্যাদা সম্পন্ন কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালকগণের মধ্য হইতে অথবা ৩য় বেতনক্রম প্রাপ্ত পলিটেকনিক ইন্সটিটিউট অথবা ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট এর অধ্যক্ষগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | (ক) সহযোগী অধ্যাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) | ৪০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) ৬৭% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ।<br>(খ) ৩৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(গ) পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে । | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>** সংশ্লিষ্ট বিষয়ের সহকারী অধ্যাপক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ ৭ (সাত) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি এবং অন্যূন ৬ (ছয়) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ ১২ (বার) বৎসরের পেশাগত অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি এবং সহকারী অধ্যাপক হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ অন্যূন ৯ (নয়) বৎসরের পেশাগত অভিজ্ঞতা :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে ।<br>**<u>প্রেষণে বদলীর ক্ষেত্রেঃ</u>**<br>সহযোগী অধ্যাপক পদমর্যাদা সম্পন্ন অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট, অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট বা সংশ্লিষ্ট বিষয়ের সহযোগী অধ্যাপক , টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | (খ) সহযোগী অধ্যাপক (ননটেক) | ৪০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) ৯০% পদ পদোন্নতির মাধ্যমে ;<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ১০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>** সহকারী অধ্যাপক (ননটেক) পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ অন্যূন ৭ (সাত) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি এবং বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যূন ১১ (এগার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং ডিগ্রি কলেজ অথবা বিশ্ববিদ্যালয়ে অন্যূন ১০ (দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ এম.ফিল ডিগ্রি এবং বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যূন ১০ (দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ পি.এইচ.ডি ডিগ্রি এবং বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যূন ৮ (আট) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | (ক) সহকারী অধ্যাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) | ৩৫ বৎসর; তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(গ) পদোন্নতিযোগ্য প্রার্থী ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>** সংশ্লিষ্ট বিষয়ের প্রভাষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী;<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক অথবা সমমানের ডিগ্রিসহ অন্যূন ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ এবং অন্যূন ২ (দুই) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ ৫ (পাঁচ) বৎসরের পেশাগত অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক অথবা সমমানের ডিগ্রি এবং স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ অন্যূন ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ পি.এইচ.ডি ডিগ্রি এবং অন্যূন ২ (দুই) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে।<br>**<u>প্রেষণে বদলীর ক্ষেত্রেঃ</u>** সংশ্লিষ্ট বিষয়ে সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক, রিজিওনাল ইন্সপেক্টর (VTTI) বা চীফ ইন্সট্রাক্টর, পলিটেকনিক ইন্সটিটিউট বা ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট অথবা সংশ্লিষ্ট বিষয়ের সহকারী অধ্যাপক , টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | (খ) সহকারী অধ্যাপক (ননটেক) | ৩৫ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) ৯০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ১০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** প্রভাষক (ননটেক) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর ডিগ্রি এবং বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যূন ৬ (ছয়) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ১ম শ্রেণী বা সমমানের স্নাতকোত্তর ডিগ্রীসহ ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ এম.ফিল ডিগ্রি এবং বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যুন ৬ (ছয়) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ পি.এইচ.ডি ডিগ্রি এবং বিশ্ববিদ্যালয় অথবা ডিগ্রি কলেজে অন্যুন ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | প্রোগ্রামার | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules,1985 অনুযায়ী। | | |
| ৬। | (ক) প্রভাষক (সিভিল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে। |
| | (খ) প্রভাষক (নন টেক) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পদার্থ বিজ্ঞান বা রসায়ন বিদ্যায় ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সকল স্তরে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএ থাকিতে হইবে। |
| ৭। | সহকারী প্রোগ্রামার | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৮। | লাইব্রেরীয়ান | ৩০ বৎসর | (ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে,পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>এ্যাসিসটেন্ট লাইব্রেরীয়ান পদে ১৫ (পনের) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্সে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্সে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | ওয়ার্কশপ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১০। | ওয়ার্কশপ/ল্যাবরেটরী ইনচার্জ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১১। | ফিজিক্যাল এডুকেশন শিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে বি পি এড বা সমমানের ডিগ্রিসহ অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ১২। | এ্যাসিসটেন্ট লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | (ক)৩৩% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>** ক্যাটালগার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সায়েন্সে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সায়েন্সে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে ডিপ্লোমাসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩। | প্রধান সহকারী | ৩০ বৎসর;<br>তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) ৬৭% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৩৩%পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>**<br>হিসাব রক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা অফিস সহকারী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক অথবা সমমানের ডিগ্রিসহ দাপ্তরিক কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | (ক) ৬৭% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;এবং<br>(খ) ৩৩%পদ সারাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্যে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৫। | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৬। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক অথবা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৭। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কারিগরি শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>কারিগরী শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা<br>অথবা<br>কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ট্রেড এ ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ (জাতীয় দক্ষতামান ২ ও ৩)। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮। | অফিসসহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে;<br>তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;এবং<br>(খ) ৫০%পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>**(ক)** ক্যাশ সরকার পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরী; এবং<br>**(খ)** কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে-"সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী– কাম- মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>**(খ)** কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে-"সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী– কাম- মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। |
| ১৯। | ক্যাটালগার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ লাইব্রেরী সায়েন্স এ সার্টিফিকেট কোর্স সম্পন্ন এবং কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২০। | পিএবিএক্স অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কারিগরি শিক্ষা বোর্ড হইতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হইতে রেডিও এন্ড টিভি বা টেলিকমিউনিকেশন ট্রেড এ ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩)পরীক্ষায় উত্তীর্ণ । |
| ২১। | ওয়ার্কশপ এ্যাটেনড্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কারিগরি শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেড এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>সংশ্লিষ্ট বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেড এ ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩) পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২২। | ওয়ার্কশপ এ্যাসিসট্যান্ট (প্রকৌশল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কারিগরি শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেড এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা দাখিল (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেড এ ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট (জাতীয় দক্ষতামান ২ ও ৩) পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৩। | ল্যাব এ্যাটেনড্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ১ (এক) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৪। | ল্যাব এ্যাসিসট্যান্ড (পদার্থ ও রসায়ন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোক) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ১ (এক) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার পরিচালনার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৫। | ক্যাশ সরকার | ৩০ বৎসর | (ক) ৫০ % পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **(ক) পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>মেসেঞ্জার পিওন অথবা অফিস সহায়ক পদে অন্যূন ১০ বৎসরের চাকুরী।<br>**(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | মেসেঞ্জার পিওন | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ২৭। | অফিস সহায়ক | ৩০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) আউট সোর্সিং এর মাধ্যমে। | (ক) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) **আউট সোর্সিং এর ক্ষেত্রেঃ** অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ''আউট সোর্সিং (Out Sourcing)'' এর মাধ্যমে ''সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮'' অনুযায়ী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৮। | প্লাম্বার | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ২৯। | কারপেনটার | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ৩০। | পাম্প অপারেটর | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ৩১। | কেয়ার টেকার | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ৩২। | বুক সর্টার | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ৩৩। | বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ৩৪। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ৩৫। | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ৩৬। | সহকারী বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |
| ৩৭। | মালি | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ‘‘আউট সোর্সিং (Out Sourcing)’’ এর মাধ্যমে ‘‘সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮’’ অনুযায়ী। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম খান**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd